

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 02.11.2024**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) খরিফ মরশুমে চাষিদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের কাজ আজ থেকে শুরু হচ্ছে। এজন্য সব জেলাতেই কেন্দ্রীয় স্তরে ক্রয়কেন্দ্র খোলা হয়েছে।

আমদানি শুল্ক প্রত্যাহার করে নেওয়ায় এ রাজ্যের চাল কল মালিকেরা ফের বাংলাদেশে চাল রপ্তানি শুরু করেছেন।

২) বাংলা আবাস যোজনা প্রকল্পে সমীক্ষায় যে সব উপভোক্তার নাম বাদ গিয়েছে রাজ্য সরকার পুনরায় তাদের তথ্য যাচাই এর কাজ শুরু করেছে।

৩) উলুবেড়িয়ার বাগানপাড়ায় বাজি পোড়াতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে তিন জনের মৃত্যুর ঘটনা খতিয়ে দেখতে, ফরেনসিক টিম আজ সেখানে যাচ্ছে।

৪) আলিপুরদুয়ার জেলার ফালাকাটার জটেশ্বরে ৫ বছরের শিশু কন্যাকে ধর্ষণ ও খুনের ঘটনায় পরিস্থিতি উত্তপ্ত। গণপ্রহারে মৃত্যু অভিযুক্তেরও।

৫) আর জি কর-এর তরুণী চিকিৎসকের ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টরস ফ্রন্ট লাগাতার আন্দোলন চালিয়ে যাওয়ার কথা ঘোষণা করেছে।

৬) ইস্টবেঙ্গল, এএফসি চ্যালেঞ্জ লীগ ফুটবলের কোয়ার্টার ফাইনালে।

০০০০০০০০০০০০০০০০০০০০

খরিফ মরশুমে চাষিদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের কাজ আজ থেকে শুরু হচ্ছে। এজন্য সব জেলাতেই কেন্দ্রীয় স্তরে ক্রয়কেন্দ্র খোলা হয়েছে। স্থায়ী ক্রয়কেন্দ্র ছাড়াও বিভিন্ন এলাকায় গাড়ি পাঠিয়ে ভ্রাম্যমাণ কেন্দ্রের মাধ্যমেও ধান সংগ্রহ করা হবে। পাশাপাশি খাদ্য দফতর গ্রামীণ কৃষি সমবায় সংস্থা ও স্বনির্ভর গোষ্ঠীগুলির মাধ্যমে অস্থায়ী শিবির খুলে চাষিদের কাছ থেকে ধান কিনবে বলে জানিয়েছে। চাষিদের কাছ থেকে ধান কেনার পর তা থেকে চাল উৎপাদনের জন্য সরাসরি নথিভুক্ত রাইস মিলগুলির কাছে পাঠিয়ে দেওয়া হবে।

উল্লেখ্য, খাদ্য দফতর এবার ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আমদানি শুল্ক প্রত্যাহার করে নেওয়ায় এ রাজ্যের চাল কল মালিকেরা ফের বাংলাদেশে চাল রপ্তানি শুরু করেছেন। মূলত এ রাজ্য থেকেই প্রতিবেশী রাষ্ট্রে চাল রপ্তানি করা হয়ে থাকে। সেদেশে ক্ষমতার পালাবদলের পর নতুন সরকার চালের উপর ২৫ শতাংশ আমদানি শুল্ক ধার্য করে। যার ফলে চালের রপ্তানি পুরোপুরি বন্ধ হয়ে যেতে বসেছিল।

বেঙ্গল রাইস মিল অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী সভাপতি আব্দুল মালেক জানিয়েছেন, বিষয়টি নিয়ে তারা কেন্দ্রীয় ও রাজ্য সরকারের দ্বারস্থ হয়েছিলেন। গত মাসে নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকেও বাংলাদেশের সঙ্গে রপ্তানি বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ার সমস্যার কথা তুলে ধরা হয়। বহু আলাপ আলোচনা করার পর অবশেষে বাংলাদেশের তদারকি সরকার ওই আমদানি শুল্ক পুরোপুরি প্রত্যাহার করে নিয়েছে। বিপুল ক্ষতির হাত থেকে বেঁচেছেন চাল কল মালিকেরা। সক্রিয় ভাবে পাশে থাকার জন্য তারা রাজ্য ও কেন্দ্র সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা আবাস যোজনা প্রকল্পে সমীক্ষায় যে সব উপভোক্তার নাম বাদ গিয়েছে রাজ্য সরকার পুনরায় তাদের তথ্য যাচাই এর কাজ শুরু করেছে। এইজন্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে আধিকারিকদের, প্রয়োজনে ঐ সব উপভোক্তার বাড়ি বাড়ি গিয়ে সরেজমিনে সব কিছু খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে ।

প্রসঙ্গত ১৬ লক্ষ উপভোক্তার তথ্য সমীক্ষা করতে গিয়ে প্রায় সাড়ে তিন লক্ষ নাম বাদ পড়েছে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য প্রকল্পের শর্ত অনুযায়ী তালিকায় যাদের নাম রয়েছে তাদের বর্তমান অবস্থার কোন পরিবর্তন না হলে বাড়ি তৈরির জন্যে প্রত্যেকে এক লক্ষ কুড়ি হাজার টাকা করে পাবেন বলে রাজ্য সরকার আগেই জানায়। এছাড়া সাম্প্রতিক অতিবৃষ্টি ও ঘূর্ণিঝড় দানা র প্রভাবে ক্ষতিগ্রস্তদেরও এই প্রকল্পে সহায়তা করা হবে।

000000000000000000000000

পূর্ব বর্ধমানের পূর্বস্থলী দু'নম্বর ব্লকের চুপি এলাকায় আবাসের সমীক্ষায় গিয়ে স্থানীয়দের বিক্ষোভের মুখে পড়েন বিডিও সহ দপ্তরের কর্মীরা। খবর পেয়ে পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয় ও তাদের উদ্ধার করে।

বিক্ষোভকারীদের অভিযোগ, প্রকৃত প্রাপকদের নাম আবাস যোজনার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। তাঁরা কেউ মাটির ঘরে, আবার কেউ টিনের ঘরে বসবাস করেন। আবাস যোজনার ঘরের জন্য আবেদন করেও তালিকায় নাম উঠেনি। অথচ ইতিমধ্যেই যাদের পাকা ঘর আছে তালিকায় তাদের নাম এসেছে।

বিডিও পৌষালী চক্রবর্তী গতকাল এলাকায় আবাস যোজনার সমীক্ষায় যান। তাঁকে কাছে পেয়ে ঘরের তাঁদের দূরাবস্থার কথা তুলে ধরেন বাসিন্দারা। ঘরগুলি পরিদর্শনেরও অনুরোধ জানান।

কিন্তু বিডিও সে কথায় কর্নপাত করেননি বলে অভিযোগ। গাড়ী থেকেও নামেন নি। এরপরেই বিক্ষোভে ফেটে পড়েন এলাকার বাসিন্দারা।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হতে চলেছে আগামী ২৫ শে নভেম্বর।  
ঐদিন প্রথমে কার্য উপদেষ্টা কমিটির বৈঠক ও পরে শোক প্রস্তাব অনুমোদনের পর অধিবেশন দিনের মতো মূলতবি হয়ে যাবে। অধিবেশনে আবাস যোজনা এবং ১০০ দিনের কাজ প্রকল্পে কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে আলোচনার জন্য রাজ্য সরকার দুটি পৃথক প্রস্তাব আনবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রশিক্ষণ পর্ব শেষে কলকাতা পুলিশে ৭৭৩ জন মহিলা কনস্টেবল গতকাল কাজে যোগ দিয়েছেন। এরপরেই মহিলা পুলিশ কর্মীদের ঘাটতি মেটাতে প্রতিটি থানায় ৪-৫ জনকে পোস্টিং দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে লালবাজার সূত্রে জানা গিয়েছে।  
উল্লেখ্য গত মার্চ মাসে কলকাতা পুলিশের জন্যে ৭৭৩ জন মহিলা সহ মোট দুই হাজার ২০০ জন মহিলা কনস্টেবল নিয়োগ করা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল পদে দু'বছর পূর্তি উপলক্ষ্যে আগামী এক মাস জেলা সফর সহ ঘোষণা করছেন সিভি আনন্দ বোস। আপনা ভারত, জাগতা বেঙ্গল নামের এই কর্মসূচি সম্পর্কে এক বিবৃতিতে জানানো হয়েছে, রাজ্যের আমজনতাকে দৈনন্দিন জীবনযাত্রায় অনেক প্রতিকূলতার সম্মুখীন হতে হচ্ছে। সেগুলি মোকাবিলা করে রাজ্যবাসী, বিশেষ করে যুবসমাজ যাতে সহজে জীবন ধারণ করতে পারে, সেই উদ্দেশ্যে পূরণের লক্ষ্যে 'আপনা ভারত, জাগতা বেঙ্গল' কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

বিবৃতি অনুসারে, এই কর্মসূচি চলাকালীন রাজ্যপাল যে বিষয়গুলির উপর গুরুত্ব আরোপ করবেন, সেগুলি হল - মানবপাচার রোধ, মাদকের ব্যবহার বন্ধ করা, নারীর

ক্ষমতায়ন এবং শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা। সেইসঙ্গে, এই কর্মসূচিতে যুবসমাজ যাতে সাগ্রহে যোগদান করে এবং সাংস্কৃতিক ও শিক্ষামূলক উদ্যোগের উপর সামগ্রিকভাবে গুরুত্ব আরোপ করা হয়, সেদিকেও খেয়াল রাখবেন তিনি। তাঁর আশা, এই উদ্যোগের ফলে রাজ্যের সর্বাঙ্গীন বিকাশ সম্ভব হবে।

০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার উলুবেড়িয়ার বাগানপাড়ায় বাজি পোড়াতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে তিন জনের মৃত্যুর ঘটনা খতিয়ে দেখতে, ফরেনসিক টীম আজ সেখানে যাচ্ছে। বাড়ির মধ্যে বাজি পোড়াতে গিয়ে গতকাল এই দুর্ঘটনা ঘটে। বাজির আগুনে বাড়িটিও ভস্মীভূত হয়েছে। মৃতদের মধ্যে ২-টি শিশু ও এক বালিকা।,এরা হোল নয় বছরের তানিয়া মিস্ত্রি, পাঁচ বছর এর মমতাজ খাতুন ও তিন বছরের ঈশান ধারা।আহত আরও এক তরুণী। তাকে, প্রথমে উলুবেড়িয়া হাসপাতালে পাঠান হয়। পরে সেখান থেকে কলকাতার হাসপাতালে নিয়ে আসা হয়েছে।

দমকলের ২ টি গাড়ি আগুন নিয়ন্ত্রনে আনে। এলাকার মানুষ জানিয়েছে ওই বাড়িতে প্রচুর বাজি মজুত ছিল। পুলিশ তদন্ত করছে।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার জোড়াবাগান থানায় অভিজিৎ বন্দোপাধ্যায় নামে এক প্রউরের খুনের ঘটনায় পুলিশ নদীয়ার চাপড়া থেকে ১৭ বছর এর এক কিশোর কে গ্রেপ্তার করেছে।ডিসি নর্থ জানিয়েছেন, মৃতের সঙ্গে তার মায়ের অবৈধ সম্পর্ক ছিলো।।যেটা এই নাবালক মেনে নিতে পারছিলনা।তারপর এই কিশোরকে হোস্টেলে ভর্তি করে দেওয়া হয়। ছুটিতে বাড়িতে এসে ছেলেটি রাতে ঘুমন্ত অভিজিৎ বাবুর মাথায় আঘাত করে। এরপর সে মোবাইল , সোনার চেন ও আংটি চুরি করে পালায়। চুরি যাওয়া জিনিস গুলি উদ্ধার করা হয়েছে বলেও ডিসি নর্থ জানান। পুলিশ সূত্রে জানা গেছে এর আগেও ছেলেটি খুনের চেষ্টা করেছিলো, কিন্তু পারেনি।

০০০০০০০০০০০০০০০০০০

আলিপুরদুয়ার জেলার ফালাকাটার জটেশ্বরে মিষ্টি খাওয়ানোর প্রলোভন দেখিয়ে ৫ বছরের শিশু কন্যাকে ধর্ষণ ও খুনের ঘটনায় পরিস্থিতি গতকাল উত্তপ্ত হয়ে ওঠে। অভিযুক্ত প্রতিবেশীকে স্থানীয় বাসিন্দারা গাছে সঙ্গে বেঁধে পিটিয়ে মেরে ফেলে বলে অভিযোগ। ফালাকাটা থানার পুলিশ ঘটনার তদন্ত করছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, মেয়েটির বাবা-মা জমিতে কাজে গিয়েছিলেন। সেই সময় মনা রায় নামে প্রতিবেশী ওই যুবক তাকে জিলিপি খাওয়ানোর নাম করে ডেকে নিয়ে ধর্ষণ করে বলে অভিযোগ। তার দেহটি পুকুরে ফেলে দেয়। বাবা-মা বাড়িতে ফিরে মেয়েকে দেখতে না পেয়ে খোঁজ শুরু করেন। পরে পুকুর থেকে তার মৃতদেহ উদ্ধার হয়। এরপর উত্তেজিত জনতা মনা রায়কে বাড়ি থেকে ডেকে এনে গাছের সঙ্গে বেঁধে মারধোর শুরু করে। খবর পেয়ে পুলিশ সেখানে গেলে তাদেরও জনতার রোষে পড়তে হয়। আক্রান্ত হন জটেশ্বর ফাঁড়ির ওসি অসীম মজুমদার। পরে পুলিশ অভিযুক্তকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

এই ঘটনায় এলাকায় এখনও উত্তেজনা রয়েছে। পুলিশ তদন্ত করছে।

০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এর তরুণী চিকিৎসকের ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টরস ফ্রন্ট লাগাতার আন্দোলন চালিয়ে যাওয়ার কথা ঘোষণা করেছে। ফ্রন্টের পক্ষে গতকাল এক সাংবাদিক সম্মেলনে এই ঘটনার তদন্ত সিবিআই-এর হাতে গেলেও তার গতি অত্যন্ত স্লথ বলে অভিযোগ করা হয়। ডাক্তার দেবাশিষ হালদার অভিযোগ করেন, কলকাতা পুলিশ তদন্তের নামে অপরাধ ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে। অপরাধীদের আড়াল করছে।

প্রশাসন কি করে অপরাধীদের আড়াল করেছে টা সবাই দেখেছে। কিন্তু সিবিআই এর তদন্তে হতাশা ব্যক্ত করে সমাজমাধ্যমে সিবিআই এর চার্জশিটের যা ঘুরছে সেসম্পর্কে প্রশ্ন তোলেন তিনি ।

ডাক্তার হালদার আরও বলেন, আগামী ৯-ই নভেম্বর আর জি কর-এর নির্যাতিতার খুন ও ধর্ষণের তিন মাস অতিক্রান্ত হতে চলেছে। ওই দিন ফ্রন্টের পক্ষ থেকে নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

(বাইট – ডঃ হালদার)

বিভিন্ন মেডিকেল কলেজে অভয়ার স্মৃতিতে ওই দিন দ্রোহের গ্যালারি প্রদর্শিত হবে। সেখানে এই আন্দোলনের বিভিন্ন মুহূর্তের ছবি, ও ভিডিও তুলে ধরা হবে। ৯-ই নভেম্বর আর জি কর হাসপাতালে রক্তদান শিবিরের আয়োজন করা হচ্ছে। কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক মিছিলের ডাক দেওয়া হয়েছে এবং রানী রাসমণি রোডে সমাবেশের ডাক দেওয়া হয়েছে ।

এদিকে, মঙ্গলবার ৫-ই নভেম্বর সুপ্রিম কোর্টে মামলার শুনানি। তার আগে চৌঠা নভেম্বর সন্ধ্যাতো বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে অভয়া মঞ্চ ও নাগরিক সমাজের পক্ষ থেকে।

এদিকে অভয়া তহবিলে সংগৃহীত অর্থ অবিলম্বে আর জি কর-এ নির্যাতিতা চিকিৎসকের বাবা-মা-কে দিয়ে দেওয়ার দাবি জানিয়েছে চিকিৎসকদের নতুন সংগঠন ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টরস অ্যাসোসিয়েশন।

তাদের পক্ষ থেকে ডাক্তার শ্রীশ চক্রবর্তী এক ভিডিও বার্তায় বলেছেন, অভয়ার নামে প্রায় ৪ কোটি ৭৫ লক্ষ টাকার বিপুল পরিমাণে অর্থ সংগৃহীত হয়েছে।

(বাইট – শ্রীশ)

০০০০০০০০০০০০০০০০০০

দীপাবলী ও ছট পুজো উপলক্ষ্যে দক্ষিণ পূর্ব রেল আজ ও সাঁতরাগাছি, শালিমার, দীঘা, টাটা নগর, রাঁচি, ভাঙ্গপুর থেকে বিশেষ ট্রেন চালাচ্ছে।

এদিকে পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশন আজ থেকে আগামী চৌঠা নভেম্বর পর্যন্ত কালী মূর্তি বিসর্জনের জন্য চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করার কথা ঘোষণা করেছে। ৭ টি লোকাল কলকাতা স্টেশনে যাত্রা সংক্ষিপ্ত করবে এবং ৭ টি লোকাল কলকাতা স্টেশন থেকে যাত্রা শুরু করবে। ৯ টি লোকাল বাতিল থাকবে। ১ টি লোকাল বারাসাতে যাত্রা সংক্ষিপ্ত করবে।

এছাড়া ১ টি লোকাল যাত্রাপথ পরিবর্তিত করে শিয়ালদহ স্টেশনে যাত্রা সংক্ষিপ্ত করবে।

অন্যদিকে একটি লোকাল শিয়ালদহ স্টেশন থেকে যাত্রা শুরু করবে।

০০০০০০০০০০০০০০০০

কালীপূজোর দিন ও তার পরে রাজ্যের বিভিন্ন জায়গায় পুলিশ জুয়ার আড্ডায় হানা দিয়ে বেশ কয়েকজনকে গ্রেপ্তার করেছে। উদ্ধার হয়েছে টাকা ও জুয়ার সরঞ্জাম।

মুর্শিদাবাদের রানীতলা ও ভগবানগোলা থানার বিভিন্ন এলাকায় জুয়ার আসরে অভিযান চালিয়ে পুলিশ গতকাল ৩৭ জনকে গ্রেপ্তার করেছে। এর মধ্যে ভগবানগোলা থানার বিভিন্ন এলাকার থেকে গ্রেপ্তার করা হয় মোট ১২ জনকে। তাদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে ৫হাজার টাকা, জুয়ার সরঞ্জামও। অন্যদিকে রানীতলা থানার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ২৫ জনকে গ্রেপ্তার করা হয়। এদের কাছ থেকে ১৩হাজার ৬৬০ টাকা ও জুয়া খেলার সরঞ্জামও উদ্ধার করে পুলিশ।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের দাসপুরের অস্তল এলাকার একটি বাড়ির ছাদে জুয়ার আসরে অতর্কিত অভিযান চালিয়ে পুলিশ ১৩ জনকে গ্রেফতার করে। আসর থেকে বাজেয়াপ্ত করা হয়েছে লক্ষাধিক টাকা। ধৃতরা মুর্শিদাবাদের বাসিন্দা।

০০০০০০০০০০০০০০০০

ইস্টবেঙ্গল, এএফসি চ্যালেঞ্জ লীগ ফুটবলের কোয়ার্টার ফাইনালে উঠেছে। ভুটানের থিম্পুর চাংলিমিথাং স্টেডিয়ামে গতকাল গ্রুপ পর্বের শেষ ম্যাচে তারা ৩-২ গোলে লেবাননের নেজমেহ এফ সিকে হারিয়ে দেয়।

উল্লেখ্য, ইস্টবেঙ্গল তিন ম্যাচে সাত পয়েন্ট পেয়ে গ্রুপ এ,র শীর্ষে থেকে শেষ আটে গেল। ১১ বছর পর লাল-হলুদ, এশিয়ার কোনো ফুটবল টুর্নামেন্টের নক আউটে পৌঁছলো।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০